তারিখ

মাননীয় মাতা-পিতা / অভিভাবকঃ

একজন <u>ইংরেজি ভাষার শিক্ষার্থী</u> (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার-ইএলএল, English Language Learner-ELL) হিসেবে আপনার সন্তান একটি কর্মসূচিতে অংশগ্রহণ করেছিল। "নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট", NYSESLAT (New York State English as a Second Language Achievement Test, NYSESLAT) প্রয়োগ করে, আপনার সন্তানের ইংরেজি ভাষায় কতটা বিকাশ ঘটেছে এবং সে তাতে কতটা দক্ষতা অর্জন করেছে তা নির্ধারণের জন্য, এই বসন্তে তার একটা মৃল্যায়ন করা হয়।

এই চিঠির মাধ্যমে আপনাকে জানানো হচ্ছে যে নিম্নলিখিত যেকোনো একটির জন্য আপনার সন্তান ইএলএল অবস্থা পেরিয়ে গেছেঃ — NYSESLAT এর দক্ষ স্তরে (Commanding Level, কমান্ডিং লেভেল) নম্বর পাওয়ার জন্য

□ NYSESLAT এর সম্প্রসারণ স্তরে (Expanding Level, এক্সপ্যান্ডিং লেভেল) নম্বর পাওয়ার জন্য <u>এবং</u> "কমন কোর ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস টেস্ট শ্রেণী ৩-৮" (Common Core English Language Arts Test Grades 3-8) এর পরীক্ষায় তিন বা তার বেশী নম্বর পাওয়ার জন্য

NYSESLAT এর সম্প্রসারণ স্তরে (Expanding Level, এক্সপ্যান্ডিং লেভেল) নম্বর পাওয়ার জন্য <u>এবং</u> "ইংলিশ রিজেন্টস এক্স্যাম" (English Regents Exam) এর পরীক্ষায় ৬৫ বা তার বেশী নম্বর পাওয়ার জন্য

এই সব ফলাফলের ভিত্তিতে আপনার সন্তান এখন একজন প্রাক্তন ইএলএল (Former ELL). প্রাক্তন ইএলএল হিসেবে আপনার সন্তানের অন্ততঃ দু বছরের প্রাক্তন ইএলএল পরিষেবা (Former ELL services) এবং নিউ ইয়র্ক স্টেট মূল্যায়নের ক্ষেত্রে দু বছরের পরীক্ষা সহায়তা (testing accommodation) পাওয়ার যোগ্যতা থাকবে। আপনার সন্তানের জন্য উপলব্ধ বিভিন্ন পরিষেবাগুলোর কথা আপনার সন্তানের শিক্ষক আপনাকে জানিয়ে দেবে।

বিনীত,

অধ্যক্ষ বা পদাধিকারী

